



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০২০.১৯. ১৮৬১৪/১৩

তারিখ: ০১/০৮/২০২২ খ্রি.

গণবিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন প্রতারক চক্র সরাসরি বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ও তার অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে পদোন্নতি প্রদান, নিয়োগ, শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বদলিসহ বিভিন্ন কাজ করিয়ে দেয়ার লোভ দেখিয়ে স্কুল-কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ফোন করে, ই-মেইল, এস.এম.এস. বা চিঠি পাঠিয়ে টাকা দাবী করছে। কোন কোন ক্ষেত্রে তাদের পক্ষ হতে কর্মকর্তা-কর্মচারীদের নিকট ব্যক্তিগতভাবে ও মোবাইল ফোনে যোগাযোগ করার চেষ্টা করছে মর্মে বিভিন্ন সূত্রে জানা যাচ্ছে।

উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকার কোন কাজে কোন প্রকার আর্থিক লেনদেনের কোন প্রয়োজন নেই। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা হতে যে সকল সেবা প্রদান করা হয়ে থাকে, তার জন্য সুনির্দিষ্ট নীতিমালা রয়েছে এবং তার ভিত্তিতেই সেবা প্রদান করা হয়ে থাকে।

এ সংক্রান্ত সকল তথ্যাদি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ওয়েব সাইট (www.dshe.gov.bd) এ নিয়মিতভাবে প্রকাশ করা হয়ে থাকে।

এমতাবস্থায়, এ ধরনের প্রতারক চক্র বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ও এর অধীন কোন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নাম ব্যবহার করে ই-মেইল, এস.এম.এস. ফোন এবং চিঠিপত্র কিংবা তাদের ব্যক্তিগত যোগাযোগের ভিত্তিতে কাউকে কোন ধরনের প্রলোভনের ফাঁদে না জড়ানোর জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হলো। কেউ কোন ধরনের সুবিধা বা টাকা চাইলেই বুঝবেন যে এটা প্রতারণা, সাথে সাথেই এ ধরনের প্রতারকের ফোন নম্বর নিকটস্থ থানায় এবং প্রতারকদের পুলিশে সোপর্দ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অধ্যাপক নেহাল আহমেদ
মহাপরিচালক
ফোন: ০২-২২৩৩৫১০৫৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিঃ ও উন্নঃ/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিঃ অ্যান্ড ইভাঃ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৪. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল);
০৫. উপপরিচালক (সাঃ প্রশাঃ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৬. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৭. সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
০৮. জেলা শিক্ষা অফিসার (সকল);
০৯. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
১১. সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
১২. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৩. সংরক্ষণ নথি।